

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 16.02.2025**

**Desk in Charge : SDG**

**Time : 7-35 AM**

**Compiling & NR : S.Mukherjee**

**DEO : K.B.**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছি ০৪:-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) পশ্চিমবঙ্গের প্রতিটি সরকারি স্কুলে ব্রডব্যান্ড সংযোগ দেওয়া হবে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডষ্টের সুকান্ত মজুমদার জানিয়েছেন। # রাজ্য মেয়াদ উত্তীর্ণ ওষুধ কারবারের চক্র চলছে বলে তিনি অভিযোগ করেছেন।
- ২) ভিন রাজ্যের পরীক্ষাগারের ওপর নির্ভরতা কমাতে রাজ্যের ড্রাগ টেস্টিং ল্যাবরেটরির পরিকাঠামো ঢেলে সাজানো হচ্ছে।
- ৩/ চলতি আর্থিক বছরের বাকি সময়ে রাজ্য ‘মিড ডে মিল’ প্রকল্পের অধীনে পড়ুয়াদের অতিরিক্ত পুষ্টি বাবদ সপ্তাহে আরও দুটি করে ডিম বরাদ্দ করা হয়েছে।
- ৪/ দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণে কার্তুজ উদ্ধারের ঘটনায় গ্রেপ্তার হওয়া চারজনের, চার দিনের পুলিশী হেফাজত।
- ৫/ রাজ্যের নতুন ভিজিলেন্স কমিশনার হলেন, প্রাক্তন IAS অজিত রঞ্জন বর্ধন।
- ৬) ISL ফুটবলে লিগ জয়ের পথে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে আরো একধাপ এগিয়ে গেল মোহনবাগান সুপার জায়ান্ট।

\*\*\*\*\*

কেন্দ্ৰীয় শিক্ষা প্রতিমন্ত্ৰী ডষ্টৱৰ সুকান্ত মজুমদাৰ বলেছেন, প্ৰত্যেকটি হাইস্কুলকে ব্ৰহ্মব্যান্ড সংযোগ দেওয়া হবে। পশ্চিমবঙ্গেৰ সরকাৰি স্কুলগুলিও এৱে আওতায় আসবে। গতকাল নদীয়াৰ ফুলিয়ায় দলীয় কৰ্মী সমৰ্থকদেৱ সঙ্গে মিলিত হওয়াৰ পৰ একটি সভায় তিনি বক্তৃতা রাখছিলেন।

( বাইট- সুকান্ত ব্ৰহ্মব্যান্ড ৭-৩৫ )

ওই সভা থেকেই শ্ৰী মজুমদাৰ রাজ্যেৰ স্বাস্থ্য ব্যবস্থাৰ কড়া সমালোচনা কৰেন। বিভিন্ন সরকাৰি হাসপাতালে মেয়াদ উত্তীৰ্ণ ওষুধ কাৰবাৰেৰ চক্ৰ চলছে বলে তিনি শাসক দলকে আক্ৰমণ কৰেন।

( বাইট- সুকান্ত WB হেলথ ৭-৩৫ )

শান্তিপুৰ পঞ্চায়েত সমিতিতে হামলাৰ প্ৰতিবাদে আগামী দিনে বিডিও অফিস ঘৰাও কৰা হবে বলে শিক্ষা প্রতিমন্ত্ৰী জানান।

\*\*\*\*\*

রিঙার্স ল্যাকটেট স্যালাইন বিতৰ্ক নিয়ে সাম্প্ৰতিক বিতৰ্কেৰ প্ৰেক্ষিতে রাজ্যেৰ ড্ৰাগ টেস্টিং ল্যাবৱেটৱিৰ পৱিকাঠামো ঢেলে সাজানো হচ্ছে। ওষুধেৰ গুণমান যাচাই কৰতে ভিন্ন রাজ্যেৰ পৱিকাঠামোৰ ওপৰ নিৰ্ভৰতা কমাতে এবং দ্রুত পৱিকাঠাম ফলাফল পেতে এই সিদ্ধান্ত নিয়েছে রাজ্যেৰ স্বাস্থ্য দফতৱ।

ড্ৰাগ টেস্টিং ল্যাবকে ঢেলে সাজাতে রাজ্য স্বাস্থ্য সেবা নিগম দৱপত্ৰ আহ্বান কৰেছে। পৱিকাঠামো উন্নয়নে ১৫ কোটি টাকা বৱাদু কৰা হয়েছে। জানা গেছে পৱিকাঠামোৰ মান উন্নয়নে ১৩ ধৰনেৰ মোট ৩৭টি অত্যাধুনিক বহুমূল্য সৱজ্ঞাম কেনা হচ্ছে। এছাড়া পৱিকাঠাম-নিৰীক্ষাম জন্য বেশ কিছু নতুন প্ৰযুক্তিও আনা হচ্ছে।

\*\*\*\*\*

নদীয়া শান্তিপুৰ স্টেট জেনারেল হাসপাতালে অসুস্থ শিশু কন্যার বমি পৱিকাঠাম কৰতে বাবাকে বাধ্য কৰায় কৰ্তব্যৱৰত চিকিৎসক তন্ময় কৰ-কে শোকজ কৰা হয়েছে।

হাসপাতাল সুপার তারক বর্মন তাঁকে ‘কারণ দর্শনোর’ নোটিশ জারি করেছেন। ডাক্তার কর অবশ্য হাসপাতালে আসেননি।

এদিকে, স্বাস্থ্য দফতরকে ওই বমি পরিষ্কারের ঘটনায় রিপোর্ট দেওয়া হয়েছে বলে জেলা স্বাস্থ্য আধিকারিক জ্যোতিষ চন্দ্র দাস জানিয়েছেন।

\*\*\*\*\*

চলতি আর্থিক বছর অর্থাৎ ২০২৪-২৫-এ মার্চ মাস পর্যন্ত বাকি সময়ে পশ্চিমবঙ্গে, প্রধানমন্ত্রী পোষণ বা মিড ডে মিল প্রকল্পের অধীনে ৮৫ লক্ষ ৯৩ হাজার ৭৮৩ জন পড়ুয়ার জন্য অতিরিক্ত পুষ্টি বাবদ সংগ্রহে আরও দুটি করে ডিম বরাদ্দ করা হয়েছে। বর্তমানে সংগ্রহিক যে একটি করে ডিম তারা পেয়ে থাকে, এগুলি হবে তার অতিরিক্ত। মোট ১১ দিন তারা এই সুবিধা পাবে। এর জন্য ছাত্রছাত্রী পিছু ৮ টাকা খরচ ধরা হয়েছে। রাজ্যে সবকটি জেলায় এটি বলবত্ত করা হবে। ডিমের পরিবর্তে মরশুমি ফল দেওয়ারও ব্যবস্থা রাখা হয়েছে। শিক্ষা দফতরের পক্ষ থেকে এক নির্দেশিকায় সব জেলাশাসকদের ৩১-শে মার্চের মধ্যে এই ব্যবস্থা কার্যকর করতে বলা হয়েছে। এজন্য রাজ্যে খরচ হবে আরও ৭৫ কোটি ৬২ লক্ষ ৫৩ হাজার টাকা।

এদিকে, বর্তমান বাজার মূল্যে শিক্ষার্থীদের ন্যূনতম পুষ্টিগুণ সম্পর্ক খাদ্য সরবরাহের স্বার্থে শুধুমাত্র ১১ দিন নয়, প্রতিদিনই প্রাথমিকে ২০ টাকা এবং উচ্চ প্রাথমিকে মিড ডে মিলের জন্য ২৫ টাকা করে বরাদ্দের দাবি জানিয়েছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি এস্টিউএ।

অন্যদিকে, শিক্ষানুরাগী এক্য মঞ্চ এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

\*\*\*\*\*

এরাজ্যে শিল্প কারখানা বন্ধ হয়ে যাওয়া এবং নতুন করে বিনিয়োগ না আসার জন্য মমতা ব্যানার্জির সরকারকে দায়ী করেছেন বিজেপির তথ্য প্রযুক্তি সেলের প্রধান এবং দলের এ'রাজ্যের সহকারী পর্যবেক্ষক অমিত মালব্য।

গতকাল আসানসোলে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, গত পাঁচ বছরে রাজ্যে প্রায় চার হাজার কল কারখানা বন্ধ হয়ে গেছে। খারাপ আইন শৃঙ্খলার কারণেই রাজ্য নতুন করে কোনো বিনিয়োগ আসছে না বলে তিনি মন্তব্য করেন।

\*\*\*\*\*

কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেছেন, এবারের বাজেটে রাজ্যকে বঞ্চিত করা নিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদদের আনা অভিযোগ ঠিক নয়। পাশাপাশি তিনি বলেন এবারের বাজেটে ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়কর ছাড়ে মধ্যবিত্ত মানুষ বিশেষভাবে উপকৃত হবেন।

নদীয়ার কল্যানী ঝুঁতিক সদনে গতকাল বাজেটের খুঁটিনাটি নিয়ে দলীয় কর্মীদের তিনি একথা বলেন।

\*\*\*\*\*

রাজ্য ওয়াকফ সম্পত্তি লুট হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখ্যপাত্র শমীক ভট্টাচার্য বলেন, রাজ্য ৮০ হাজার ওয়াকফ সম্পত্তি থাকলেও তার মধ্যে মাত্র ৪০টি, স্কুল, কলেজ, স্বাস্থ্যকেন্দ্র এবং হাসপাতালের জন্য ব্যবহৃত হচ্ছে। বাকি সম্পত্তিগুলি কি কাজে ব্যবহার হচ্ছে সে বিষয়ে তিনি প্রশ্ন তোলেন।

\*\*\*\*\*

দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণে কার্তুজ উদ্ধারের ঘটনায় রাজ্য পুলিশের STF চারজনকে গ্রেফতার করেছে। ধূতদের গতকাল আলিপুর আদালতে তোলা হলে চার দিনের রাজ্য পুলিশ হেফাজতে পাঠানো হয়।

এরা বেআইনী অন্ত কারবারের সঙ্গে জড়িত, নাকি নিজেরাই অন্ত কারবারি, পুলিশ তা খতিয়ে দেখছে।

উল্লেখ্য, গোপন খবরের ভিত্তিতে STF, গতরাতে আবু তালেব মোল্লা নামে এক ব্যক্তির বাড়িতে অভিযান চালিয়ে ১৯৯ রাউন্ড কার্তুজ এবং একটি ১২ বোরের ডাবল ব্যারেল বন্দুক উদ্ধার করে। গ্রেফতার করা হয়, আবু তালেব সহ মোট ৪ জনকে। বাকিরা হল কলকাতার একটি কার্তুজ বিপণন দোকানের কর্মচারী নদীয়ার বাসিন্দা জয়ন্ত দত্ত, হাসনাবাদের আসিফ ইকবাল গাজি ও হাজি রসিদ মোল্লা।

STF সূত্রে জানা গেছে, বিবাদী বাগের যে দোকানের কর্মী গ্রেফতার হয়েছে, সেই দোকানটিতে রাত পর্যন্ত তল্লাশি চালানো হয়। জেরা করা হচ্ছে দোকান মালিক ও কর্মীদের। বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করে দোকানটি সিল করে দেওয়া হয়।

\*\*\*\*\*

দক্ষপুরুরে মুভুহীন দেহ উদ্ধারের ঘটনায়, জম্মু থেকে ধৃত মূল অভিযুক্ত জলিল-কে গতকাল রাতে পুলিশ কলকাতায় নিয়ে আসে। তাকে আজ বারাসাত আদালতে তোলা হবে।

উল্লেখ্য, এখনো সেই কাটামুক্তুর খোঁজ পাওয়া যায়নি। এই নিয়ে মোট চারজনকে গ্রেফতার করা হলো।

\*\*\*\*\*

রাজ্যের নতুন ভিজিলেন্স কমিশনার হলেন প্রাক্তন IAS অজিত রঞ্জন বর্ধন।

গতকাল রাজত্বনে তাঁকে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল সি ডি আনন্দ বোস। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী প্রমুখ।

\*\*\*\*\*

শ্রী শ্রী চৈতন্য মহাপ্রভুর ৫৩৯-তম আবির্ভাব দিবস উপলক্ষে পাঁচ দিনব্যাপী শ্রী চৈতন্য জন্মোৎসবের অঙ্গ হিসেবে আজ সকাল থেকেই উত্তর কলকাতার বিভিন্ন পথে নগরসংকীর্তন আয়োজন করা হচ্ছে। উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনের উদ্যোগে গতকাল থেকে শুরু হয়েছে একাদশ শ্রীচৈতন্য জন্মোৎসব ও মেলা বাগবাজার সার্বজনীন দুর্গোৎসবের মাঠে এই মেলা চলবে ১৯ শে ফেব্রুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব গতকাল কলকাতার সত্যজিৎ রায়ের ফিল্ম এন্ড টেলিভিশন ইনসিটিউটে শুরু হয়েছে।

কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রক এবং বাংলা আবার এর যৌথ উদ্যোগে আয়োজিত চার দিনের এই উৎসবে দেখানো হবে দেশ-বিদেশের বেশ কিছু ছবি এবং শর্ট ফিল্ম। গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অভিনেতা রোহিত রায় অভিনেত্রী ঝর্তুপর্ণা

সেনগুপ্ত প্রমুখ। চলচ্চিত্র পরিচালক স্বপন সাহা কে জীবন কৃতি সম্মানে ভূষিত করা হয়। বাংলা চলচ্চিত্রের কিছু দুঃস্থ কলাকৌশলীর হাতে তুলে দেয়া হয় আর্থিক অনুদান।

\*\*\*\*\*

দক্ষিণ পশ্চিম বায়ু, বায়ুমণ্ডলে প্রবেশ করায় সপ্তাহান্তে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা সামান্য কমলেও, আগামী কয়েকদিন সর্বনিম্ন তাপমাত্রা আরো বাড়বে বলে জানিয়েছে আবহাওয়া দণ্ড। আগামী বুধবার কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় 'বৃষ্টির' ও সন্তাবনা রয়েছে বলে জানিয়েছেন দণ্ডরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ।

( বাইট- ওয়েদার সোমনাথ)

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৯ দশমিক ৮' ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রি বেশী।

\*\*\*\*\*

কোচির জওহরলাল নেহরু স্টেডিয়ামে গতকাল ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ৩-০ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিল। মোহনবাগানের পক্ষে জেমি মাকলারেন দুটি এবং আলবার্টো রান্ডিগেস একটি গোল করেছেন। লিগ তালিকার শীর্ষে থাকা মোহনবাগান ২১ ম্যাচে ৪৯ পয়েন্ট সংগ্রহ করে সেমিফাইনালে ওঠা নিশ্চিত করেছে। দ্বিতীয় স্থানে থাকা এফসি গোয়ার থেকে মোহনবাগান দশ পয়েন্টে এগিয়ে রয়েছে। বাকী তিনটি ম্যাচের একটিতে জিতলে লিগ শিল্ড জয় করতে পারবে মোহনবাগান।

এদিকে, যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল আজ মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ১৯ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের একাদশ স্থানে আছে। ১৩ দলের লিগে সর্ব শেষ স্থানে থাকা মহামেডান স্পোর্টিং এর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১১।

\*\*\*\*\*